গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
যুব ও ক্রীড়া মন্ত্রণালয়
প্রশাসন-১ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.moysports.gov.bd

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০১১.২১.১১৭৬

তারিখ: ১৪ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

## অফিস আদেশ

মন্ত্রিপরিষদ বিভাগের সাথে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থবছরে সম্পাদিত বার্ষিক কর্মসম্পাদন চুক্তির আওতায় ই-গভর্ন্যান্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনার কর্মসম্পাদন সূচক ১.৩.১ অনুযায়ী মন্ত্রণালয়ে ডিজিটাইজেশনের জন্য 'নৈমিত্তিক ছুটির ডিজিটাল রেজিস্টার' নামক নৈমিত্তিক ছুটির হিসাব সেবাটি এ বছর বাস্তবায়নের লক্ষ্যে অনলাইন ওয়েব অ্যাপ্লিকেশন চালু করা হয়েছে এবং এর লিংক মন্ত্রণালয়ের ওয়েবসাইটের ই-সেবাবক্সে যুক্ত করা হয়েছে।

২। 'নৈমিত্তিক ছুটির ডিজিটাল রেজিস্টার' নামক নৈমিত্তিক ছুটির হিসাব সেবাটিতে একজন কর্মকর্তা/কর্মচারী তাঁর প্রাপ্যতা অনুযায়ী বছরে ২০ দিন নৈমিত্তিক ছুটির আবেদন অনলাইনে ওয়েবসাইটে যুক্ত লিংক ব্যবহার করে ওয়েব অ্যাপ্লিকেশন এর সাহায্যে ছুটির আবেদন করতে পারবেন। ওয়েব অ্যাপ্লিকেশনটিতে ছুটির ক্যালেন্ডার ও প্রাপ্যতা অনুযায়ী নৈমিত্তিক ছুটি মঞ্জুরের সরকারি নিয়ম/বিধানসমূহ যুক্ত করা হয়েছে। এতে ছুটির জন্য আবেদনকারী তার ঊর্ধ্বতন কর্মকর্তার নিকট অনলাইনে ছুটির আবেদন করবেন। মঞ্জুরকারী সংশ্লিষ্ট ঊর্ধ্বতন কর্মকর্তাও অনলাইনে আবেদনকারীর নৈমিত্তিক ছুটি মঞ্জুর করবেন। উভয়ের ড্যাশবোর্ডে ছুটির হিসাব লিপিবদ্ধ থাকবে। মন্ত্রণালয়ের সকল কর্মকর্তা/কর্মচারীকে ওয়েব অ্যাপ্লিকেশনটি ব্যবহার করে নৈমিত্তিক ছুটির আবেদন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, উক্ত অ্যাপ্লিকেশনটির ইউজার আইডি ও পাসওয়ার্ড এসাথে সংযুক্ত করা হলো।

০৩। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো এবং ইহা অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনামতে।

২৯/১২/২০২১
(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-২২৩৩৫৫৫০৫

নং-৩৪.০০.০০০০.০৪১.১৮.০১১.২১.১১৭৬

তারিখ: ১৪ পৌষ ১৪২৮ বঙ্গাব্দ
২৯ ডিসেম্বর ২০২১ খ্রিস্টাব্দ

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, সমন্বয় ও সংস্কার, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
(দৃ: আ: উপসচিব, ই-গভর্ন্যান্স-১ অধিশাখা)।
২. অতিরিক্ত সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৩. যুগ্মসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৪. উপসচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৫. প্রতিমন্ত্রীর একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৬. সিনিয়র সচিবের একান্ত সচিব, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৭. চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, সেগুনবাগিচা, ঢাকা।
৮. সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
৯. হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১০. সহকারী প্রোগ্রামার, আইটিসেল, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা (ইহা ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
১১. প্রশাসনিক কর্মকর্তা/ব্যক্তিগত কর্মকর্তা (সকল)/সহকারী হিসাবরক্ষণ কর্মকর্তা, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১২. সাঁটমুদ্রাক্ষরিক কাম-কম্পিউটার অপারেটর (সকল)/অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক(সকল)/ হিসাবরক্ষক/ ক্যাশিয়ার/ডাটা এন্ট্রি অপারেটর/ক্যাশ সরকার, যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।
১৩. অফিস সহায়ক (সকল), যুব ও ক্রীড়া মন্ত্রণালয়, ঢাকা।

২৯/১২/২০২১
(দীপ্তিময়ী জামান)
সিনিয়র সহকারী সচিব